


**ছাত্র হল**  
**চট্টগ্রাম ভেটেরিনারি এন্ড এনিম্যাল সাইন্সেস বিশ্ববিদ্যালয়**  
**খুলশী, চট্টগ্রাম।**



**ছাত্র হলে সিট বরাদ্দের জন্য আবেদন**

আবেদনকারী পূরণ করবেঃ-

১। আবেদনকারীর পূর্ণ নামঃ-

(ক) বাংলায়ঃ-----

(খ) ইংরেজীতেঃ-----

২। পিতার নামঃ-----

৩। মাতার নামঃ-----

৪। অনুষদ----- শিক্ষাবর্ষ----- সেমিষ্টার-----

রোল নং----- রেজিঃ নং----- সেশন-----

৫। স্থায়ী ঠিকানা-গ্রাম/সড়ক ও বাসা নং----- ডাকঘর-----

উপজেলা-----জেলা-----মোবাইল নং-----

৬। বর্তমান ঠিকানা-গ্রাম/সড়ক ও বাসা নং----- ডাকঘর-----

উপজেলা-----জেলা-----মোবাইল নং-----

৭। স্থানীয় অভিভাবকের নাম-----

ঠিকানা-গ্রাম/সড়ক ও বাসা নং-----

ডাকঘর----- উপজেলা----- জেলা-----

মোবাইল নং-----

**ছাত্র হল সংক্রান্ত নিয়মাবলী**

চট্টগ্রাম ভেটেরিনারি ও এনিম্যাল সাইন্সেস বিশ্ববিদ্যালয় এর সকল আবাসিক ছাত্রদের শান্তিপূর্ণ ও সুন্দর পরিবেশ বজায় রাখার স্বার্থে নিম্নবর্ণিত নিয়মাবলী কঠোরভাবে অনুসরণ করার জন্য বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের পক্ষ থেকে নির্দেশ প্রদান করা হলো। নিয়ম ভঙ্গকারীকে ছাত্র হল/বিশ্ববিদ্যালয়ের শৃঙ্খলাবিধি মোতাবেক শাস্তি পেতে হবে।

- ১। প্রত্যেক ছাত্রকে ভর্তির সময় বিশ্ববিদ্যালয় কর্তৃক নির্ধারিত জামানত ও ভর্তি ফি প্রদান পূর্বক ছাত্রহলে ভর্তি হতে হবে। ছাত্র হলে ভর্তি না হলে ছাত্র হলে সিট পাওয়ার অযোগ্য বলে বিবেচিত হবে।
- ২। প্রত্যেক আবাসিক ছাত্র ছাত্র হলের নিয়ম কানুন মেনে চলতে বাধ্য থাকবে।
- ৩। ছুটির সময় ছাত্র হল বন্ধ থাকবে। কর্তৃপক্ষের সুনির্দিষ্ট লিখিত অনুমোদন ব্যতীত বন্ধকালীন সময়ে কোন ছাত্র ছাত্র হল অবস্থান করতে পারবে না।
- ৪। মেধা ভিত্তিক সিট বন্টন নীতি অনুসরণ করা হবে। কর্তৃপক্ষের অনুমোদন ব্যতীত সিট পরিবর্তন করা যাবে না। অনুমোদন ছাড়া সিটপরিবর্তন করা হলে শৃঙ্খলা ভঙ্গের অভিযোগে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা হবে।
- ৫। কোন আবাসিক ছাত্রই ছাত্র হল কর্তৃপক্ষের পূর্বানুমতি ব্যতীত রাত ১১.০০ ঘটিকার পর ছাত্র হলের বাহিরে অবস্থান করতে পারবে না। প্রতিদিন রাত ১১.০০ ঘটিকায় ছাত্র হলের মূল গেট বন্ধ করা হবে।
- ৬। বিশ্ববিদ্যালয় ছুটি ব্যতীত ছাত্র হল ত্যাগ করার পূর্বে অবশ্যই ছাত্র হল কর্তৃপক্ষের অনুমতি লাগবে।
- ৭। প্রত্যেক ছাত্রকে কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত হারে মাসিক সংস্থাপন চার্জ প্রদান করতে হবে।
- ৮। ছাত্র হলে অবস্থানকারী প্রত্যেক ছাত্রকে অবশ্যই আবাসিক এলাকায় উপযোগী সুস্থ আচার আচরন বজায় রাখতে হবে। এর ব্যত্যয় ঘটলে কর্তৃপক্ষ যে কোন শাস্তি মূলক ব্যবস্থা গ্রহণ করতে পারবে।
- ৯। শৃঙ্খলা ভঙ্গ জনিত কারণে কর্তৃপক্ষ যে কোন সময় কোন ছাত্রের সিট বাতিল সহ অন্যান্য ব্যবস্থা গ্রহণ করতে পারবে
- ১০। ছাত্র হলে অবস্থানকালীন সময়ে ছাত্র হলের যে কোন ক্ষয়ক্ষতি করার জন্য সংশ্লিষ্ট ছাত্র/ছাত্রবৃন্দকে কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত জরিমানা প্রদান করতে হবে।
- ১১। কোন আবাসিক ছাত্রই ব্যক্তিগতভাবে বয় বা কর্মচারী রাখতে পারবে না।
- ১২। ছাত্র হলে কোন অতিথি অবস্থান সম্পূর্ণ নিষিদ্ধ।
- ১৩। কারও ব্যক্তিগত বিশ্বাসে আঘাত হানে এরকম কোন মন্তব্য বা কাজ শাস্তিযোগ্য অপরাধ হিসেবে গণ্য করা হবে।
- ১৪। যে কোন ধরনের আগ্নেয়াস্ত্র ও মাদকদ্রব্য সেবন, বহন এবং সংরক্ষণ সম্পূর্ণ নিষিদ্ধ।
- ১৫। কর্তৃপক্ষের অনুমতি ব্যতীত লাউড স্পিকার, ওয়ার্ল্ডেস রিসিভার ইত্যাদির ব্যবহার সম্পূর্ণ নিষিদ্ধ।
- ১৬। যে কোন ধরনের হিটার ও ইলেক্ট্রিক এর ব্যবহার সম্পূর্ণ নিষিদ্ধ।
- ১৭। ছাত্র হল চত্তরে যে কোন অসামাজিক কার্যকলাপ সম্পূর্ণ নিষিদ্ধ। কোন ছাত্র অসামাজিক কার্যকলাপের জন্য দোষী সাব্যস্ত হলে কর্তৃপক্ষ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করবে।
- ১৮। ছাত্র হলে নিয়োজিত কোন কর্মচারী বা গার্ড এর সাথে যে কোন ধরনের দুর্ব্যবহার বা কাজে বাধা প্রদান করা শৃঙ্খলা পরিপন্থি বলে গণ্য হবে।
- ১৯। ছাত্র হলে কোন ধরনের পোষা প্রাণী/পাখি রাখা যাবে না।
- ২০। ছাত্র হলে ম্যাগাজিন বা জার্নাল কর্তৃপক্ষের অনুমোদন ছাড়া কোন কিছুই প্রকাশ করা যাবে না।
- ২১। ছাত্রদের নিজস্ব ব্যবহার্য জিনিসপত্র ও টাকা পয়সা নিজ দায়িত্বে সংরক্ষণ করতে হবে। কোন ব্যবহার্য দ্রব্য অথবা টাকা পয়সা হারানো গেলে/চুরি হলে কর্তৃপক্ষ কোন ক্রমেই দায়ী থাকবে না বা দায় দায়িত্ব বহনকরবে না।
- ২২। পড়াশুনা শেষ হওয়ার পর প্রত্যেক ছাত্রই ছাত্র হলের পাওনা পরিশোধ করতঃ ছাত্র হলের সিট ছেড়ে দিতে বাধ্য থাকবে
- ২৩। ডাইনিং এর তৈজসপত্র ডাইনিং এর বাহিরে অথবা রুমে নেয়া সম্পূর্ণ নিষিদ্ধ। কোন রুমে উক্ত দ্রব্যাদি পাওয়া গেলে নির্ধারিত হারে জরিমানা প্রদান করতে হবে।
- ২৪। আবাসিক ছাত্রকে বাধ্যতামূলক মাসে কমপক্ষে ২০ দিন বোর্ডার হতে হবে এবং ছাত্র জীবনে কমপক্ষে একবার ডাইনিং ম্যানেজার হতে হবে।
- ২৫। ছাত্র হলে আগত মহিলা অতিথি শুধুমাত্র অতিথি রুমে যেতে/বসতে পারবে। ছাত্রদের রুমে মহিলা অতিথি নেয়া সম্পূর্ণ নিষিদ্ধ।
- ২৬। উপরোল্লিখিত নিয়মাবলীর যে কোন পরিবর্তন, সংশোধন ও সংযোজন করার পূর্ণ ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করবে।

আমি নিম্নস্বাক্ষরকারী স্বজ্ঞানে ও কারো দ্বারা প্ররোচিত না হয়ে উপরোল্লিখিত শর্ত সমূহ মেনে স্বাক্ষর করলাম এবং শর্ত ভঙ্গ করলে কর্তৃপক্ষ আমার বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করতে পারবে।

নামঃ-

স্বাক্ষরঃ

তারিখঃ